# বাংলাদেশ পিডব্লিউডি ডিপ্লোমা প্রকৌশলী সমিতি

(বাপিডিপ্রকৌস) এর

## ১৪৩২-১৪৩৪ টার্মের নির্বাচন কমিশনারের কার্যালয়

পূর্ত ভবন চত্বর, সেগুন বাগিচা, ঢাকা-১০০০। ফোন: ৪৭১২১৬০৭, ফ্যাক্স: ৮৮-০২-৪৭১২১৬০৬

---

### বাংলাদেশ পিডব্লিউডি ডিপ্লোমা প্রকৌশলী সমিতির ১৪৩২-১৪৩৪ টার্মের কেন্দ্রীয় পরিষদ এবং ঢাকা জেলার কাউন্সিলর নির্বাচন বিজ্ঞপ্তি।

বাংলাদেশ পিডব্লিউডি ডিপ্লোমা প্রকৌশলী সমিতির ১৪৩২-১৪৩৪ টার্মের কেন্দ্রীয় পরিষদ এবং ঢাকা জেলার কাউন্সিলর নির্বাচন আগামী ১৫ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ মোতাবেক ২৮ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ শুক্রবার সকাল ৮:০০ টা থেকে বিকাল ৪:০০ টা পর্যন্ত পূর্ত ভবন চত্বর, সেগুনবাগিচা, ঢাকায় অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচনে অংশ গ্রহণের জন্য পিডব্লিউডিতে কর্মরত ডিপ্লোমা প্রকৌশলীদের (সমিতির গঠনতন্ত্র মোতাবেক যোগ্য) নিকট থেকে নির্বাচন কমিশনার এর স্বাক্ষরিত ফরমে মনোনয়ন পত্র আহবান করা যাচ্ছে। মনোনয়ন পত্র এবং নির্বাচন সংক্রান্ত যাবতীয় বিধিমালা ও প্রয়োজনীয় তথ্যাদি নির্বাচন কমিশনারের কার্যালয়ে নিম্নবর্ণিত তফসিল মোতাবেক পাওয়া যাবে।

নির্বাচনী তফসিল

| ক্রঃ নং | বিবরণ | তারিখ | সময় |
|---|---|---|---|
| ১. | মনোনয়ন পত্র সংগ্রহ | ০২/০২/২০২৫ খ্রিঃ রবিবার হতে ০৩/০২/২০২৫ খ্রিঃ সোমবার | বিকাল ৫.০০ টা হতে রাত ৮.০০ পর্যন্ত |
| ২. | মনোনয়ন পত্র দাখিল | ০৬/০২/২০২৫ খ্রিঃ বৃহস্পতিবার | বিকাল ৫.০০ টা হতে রাত ৯.০০ পর্যন্ত |
| ৩. | মনোনয়ন পত্র বাছাই | ০৮/০২/২০২৫ খ্রিঃ শনিবার | বিকাল ৫.০০ টা হতে রাত ৯.০০ পর্যন্ত |
| ৪. | বৈধ প্রার্থী তালিকা প্রকাশ | ০৯/০২/২০২৫ খ্রিঃ রবিবার | রাত ৮.০০ টা |
| ৫. | প্রার্থীতা প্রত্যাহার | ১০/০২/২০২৫ খ্রিঃ সোমবার | বিকাল ৫.০০ টা হতে রাত ৮.০০ পর্যন্ত |
| ৬. | চূড়ান্ত তালিকা প্রকাশ | ১১/০২/২০২৫ খ্রিঃ মঙ্গলবার | সন্ধ্যা ৭.০০ টা |
| ৭. | ভোট গ্রহণ | ২৮/০২/২০২৫ খ্রিঃ শুক্রবার | সকাল ৮.০০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত (১.০০ টা হতে ২.০০ টা পর্যন্ত জুম্মার নামাজের বিরতি) |

(এস,এম, বোরহান উদ্দিন) ২২/০১/২৫
নির্বাচন কমিশনার
১৪৩২-১৪৩৪ টার্মের বাপিডিপ্রকৌস কেন্দ্রীয় পরিষদ
এবং ঢাকাস্থ কাউন্সিলর নির্বাচন
ও
সহকারী প্রকৌশলী(ই/এম) (অব.)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা
মোবাঃ ০১৭১১-৪৬৪৮৭৪

স্মারক নং-নিঃ কঃ/১৪৩২-১৪৩৪/০২(৮০) তারিখঃ ২২/০১/২০২৫ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলঃ

১। জনাব মোঃ তাজুল ইসলাম, সহকারী নির্বাচন কমিশনার।
২। জনাব মোহাঃ জাহাঙ্গীর হোসেন, সহকারী নির্বাচন কমিশনার।
৩। সভাপতি / সাধারণ সম্পাদক, বাংলাদেশ পিডব্লিউডি ডিপ্লোমা প্রকৌশলী সমিতি, কেন্দ্রীয় পরিষদ, পূর্ত ভবন চতুর, সেগুন বাগিচা, ঢাকা-১০০০। এতদসঙ্গে সংযোজিত নির্বাচন সংক্রান্ত যাবতীয় বিধিমালা, নির্বাচনী তফসিল সর্বত্র প্রচারের জন্য অনুরোধ করা হল। সংযুক্তি। নির্বাচন বিধিমালা ও কেন্দ্রীয় পরিষদের পদের এবং ঢাকা জেলার কাউন্সিলর পদের তালিকা-১ (এক) সেট, ৪ (চার) পাতা।
৪। সভাপতি / সাধারণ সম্পাদক, বাংলাদেশ পিডব্লিউডি ডিপ্লোমা প্রকৌশলী সমিতি, ----------------জেলা কমিটি। সংযোজিত নির্বাচন সংক্রান্ত যাবতীয় বিধিমালা, নির্বাচনী তফসিল সর্বত্র প্রচারের জন্য অনুরোধ করা হল। সংযুক্তি। নির্বাচন বিধিমালা ও কেন্দ্রীয় পরিষদের পদের এবং ঢাকা জেলার কাউন্সিলর পদের তালিকা-১ (এক) সেট, ৪ (চার) পাতা।
৫। বার্তা সম্পাদক, দৈনিক ............................................ সংবাদ হিসেবে প্রচারের জন্য অনুরোধ করা হল।
৬। জনাব -----------------------------------------------------------------------------------------------
৭। নোটিশ বোর্ড। সংযুক্তঃ নির্বাচন বিধি।

(এস,এম, বোরহান উদ্দিন) ২২/০১/২৫
নির্বাচন কমিশনার
১৪৩২-১৪৩৪ টার্মের বাপিডিপ্রকৌস কেন্দ্রীয় পরিষদ
এবং ঢাকাস্থ কাউন্সিলর নির্বাচন

# বাংলাদেশ পিডব্লিউডি ডিপ্লোমা প্রকৌশলী সমিতি

(বাপিডিপ্রকৌস) এর

## ১৪৩২-১৪৩৪ টার্মের নির্বাচন কমিশনারের কার্যালয়

পূর্ত ভবন চত্বর, সেগুন বাগিচা, ঢাকা-১০০০। ফোন: ৪৭১২১৬০৭, ফ্যাক্স: ৮৮-০২-৪৭১২১৬০৬

---

### বাংলাদেশ পিডব্লিউডি ডিপ্লোমা প্রকৌশলী সমিতির ১৪৩২-১৪৩৪ টার্মের কেন্দ্রীয় পরিষদ এবং ঢাকা জেলার কাউন্সিলর নির্বাচন বিধি।

১। আগামী ১৫ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ মোতাবেক ২৮ ফেব্রুয়ারি-২০২৫ খ্রিঃ রোজ শুক্রবার বাংলাদেশ পিডব্লিউডি ডিপ্লোমা প্রকৌশলী সমিতির ১৪৩২-১৪৩৪ টার্মের কেন্দ্রীয় পরিষদ এবং ঢাকা জেলার কাউন্সিলর নির্বাচন সকাল ৮.০০ টা হতে বিকেল ৪.০০ টা পর্যন্ত পূর্ত ভবন চতুর, সেগুন বাগিচা, ঢাকায় অনুষ্ঠিত হবে।

২। নির্বাচন কমিশন কর্তৃক প্রদত্ত মনোনয়ন পত্রে প্রার্থীগণ পদের নাম, প্রার্থীর নাম, পদবী ও ঠিকানা, একজন প্রস্তাবকারী ও একজন সমর্থনকারীর নাম, পদবী ও ঠিকানা উল্লেখ পূর্বক তাদের স্বাক্ষরসহ নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে অবশ্যই নির্বাচন কমিশনারের কার্যালয়ে জমা দিতে হবে। অন্যথায় মনোনয়ন পত্র বাতিল বলে গণ্য হবে। প্রস্তাবকারী ও সমর্থনকারীকে অবশ্যই ভোটার হতে হবে।

৩। মনোনয়নপত্র আগামী ০২/০২/২০২৫খ্রিঃ এবং ০৩/০২/২০২৫ খ্রিঃ তারিখে নির্বাচন কমিশনারের কার্যালয় নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রার্থী স্ব-স্বাক্ষরিত আবেদন পত্রের মাধ্যমে নিজে অথবা মনোনীত ব্যক্তি (যার স্বাক্ষর প্রার্থী কর্তৃক সত্যায়িত হতে হবে) বিকেল ৫টা হতে রাত ৮টা পর্যন্ত নগদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা মাত্র (অফেরতযোগ্য) এর বিনিময়ে পাওয়া যাবে।

৪। মনোনয়নপত্র ০৬/০২/২০২৫ খ্রিঃ তারিখে বিকেল ৫.০০টা হতে রাত ৯.০০ টা পর্যন্ত নির্বাচন কমিশনারের নিকট দাখিল করা যাবে। নির্ধারিত সময়ের পর কোন মনোনয়নপত্র গৃহীত হবে না।

৫। (ক) ০৮/০২/২০২৫ খ্রিঃ তারিখে বিকেল ৫.০০ টা হতে রাত ৯.০০ টা পর্যন্ত নির্বাচন কমিশন কর্তৃক মনোনয়নপত্র বাছাই করা হবে। বাছাইকালে প্রার্থী অথবা তার মনোনীত এবং ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি (নির্বাচন কমিশন কর্তৃক অনুমোদিত) উপস্থিত থাকতে পারবেন।
(খ) ০৯/০২/২০২৫ খ্রিঃ তারিখে রাত ৮.০০ টা বৈধ প্রার্থীদের তালিকা প্রকাশ করা হবে।

৬। ১০/০২/২০২৫খ্রিঃ তারিখ বিকেল ৫.০০টা হতে রাত ৮.৩০টার মধ্যে দাখিলকৃত মনোনয়নপত্রের প্রার্থীতা প্রত্যাহার করা যাবে। প্রার্থীতা প্রত্যাহারের জন্য নির্বাচন কমিশনারের নিকট প্রার্থীকে স্ব-স্বাক্ষরিত লিখিত আবেদন করতে হবে। ১১/০২/২০২৫ খ্রিঃ তারিখ প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ করা হবে।

৭। কোন প্রার্থীর সদস্য হিসেবে বিগত ৩ (তিন) বৎসরের (২০২২, ২০২৩ ও ২০২৪) বার্ষিক চাঁদা পরিশোধ থাকলে গঠনতন্ত্রের ধারা ১৪ (ঙ) (১) (খ) মোতাবেক নির্বাচনে তিনি প্রার্থী হিসেবে যোগ্য বিবেচিত হবেন। এছাড়াও গঠনতন্ত্রের ১৪(ক) ৪নং ধারা মোতাবেক কেন্দ্রীয় পরিষদ নির্বাচনে প্রত্যেক প্রার্থীর আইডিইবির ভবন তহবিল অনুদান পূর্ণ পরিশোধ থাকতে হবে এবং গঠন তন্ত্রের ১৪(ঙ) (১) (গ) মোতাবেক কেন্দ্রীয় পরিষদ নির্বাচনে কমপক্ষে ৩ (তিন) বছর পূর্বে সমিতির সদস্য হতে হবে। অন্যাথায় তাকে প্রার্থী হিসেবে যোগ্য বিবেচনা করা হবে না।

৮। একজন প্রার্থী কেবলমাত্র ১ (এক) টি পদের জন্য আবেদন করতে পারবেন। একই প্রার্থী একাধিক পদের জন্য মনোনয়ন দাখিল করলে সে ক্ষেত্রে উক্ত প্রার্থীর দাখিলকৃত মনোনয়নপত্র সমূহ বাতিল বলে গণ্য হবে।

৯। (ক) কোন প্রস্তাবক, সমর্থনকারী, একই পদের জন্য একাধিক প্রার্থীকে প্রস্তাব বা সমর্থন করতে পারবেন না (কেন্দ্রীয় পরিষদের ক্ষেত্রে প্রযোজ্য)
(খ) প্রস্তাবক ও সমর্থনকারীকে অবশ্যই ভোটার হতে হবে এবং ঢাকা জেলার কাউন্সিলর প্রার্থীদের প্রস্তাবক ও সমর্থনকারীকে ঢাকা জেলার ভোটার হতে হবে।
(গ) বাপিডিপ্রকৌস এর ঢাকা জেলার কাউন্সিলর পদের ক্ষেত্রে যোগ্য প্রস্তাবকারী ও সর্মথনকারী সর্বোচ্চ ২০ (বিশ) জন প্রার্থীকে প্রস্তাব বা সমর্থন করতে পারবেন।

১০। বিগত ৩(তিন) বৎসরের (২০২২, ২০২৩ ও ২০২৪) বার্ষিক চাঁদা পরিশোধ করা হয়েছে তার নিশ্চয়তা বিধানের জন্য কেন্দ্রীয় পরিষদ নির্বাচনের প্রার্থীকে চাঁদা পরিশোধের মূল রশিদ অথবা এ মর্মে কেন্দ্রীয় পরিষদের সভাপতি/সাধারণ সম্পাদকের নিকট থেকে প্রত্যয়নপত্র এবং আইডিইবির ভবন তহবিল কার্ড অথবা পূর্ণ পরিশোধিত অনুদানের রশিদ এর ফটোকপি মনোনয়নপত্রের সাথে সংযোজন করতে হবে। অন্যথায় মনোনয়ন পত্র বাতিল বলে গণ্য হবে। গঠনতন্ত্রের ১৪ (ঙ) (১) (খ) মোতাবেক কাউন্সিলর নির্বাচনে সংশ্লিষ্ট প্রার্থীকে বিগত ৩ (তিন) বৎসরের (২০২২, ২০২৩ ও ২০২৪) বার্ষিক চাঁদা পরিশোধের মূল্য রশিদ সমূহ অথবা এ মর্মে কেন্দ্রীয় পরিষদের সভাপতি/সাধারণ সম্পাদক এর প্রত্যয়নপত্র মনোনয়ন পত্রের সাথে সংযোজন করতে হবে। অন্যথায় মনোনয়নপত্র বাতিল বলে গণ্য হবে।

১১। গঠনতন্ত্রের ধারা ১৪(ঙ) (১) (খ) ও (গ) অনুযায়ী যোগ্যতা অর্জনকারী ঢাকা জেলায় কর্মরত যে কোন সদস্য (সহ-সভাপতি ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ ব্যতীত) কেন্দ্রীয় পরিষদের যে কোন একটি পদের জন্য কিংবা কাউন্সিলরের একটি পদের জন্য প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন। ঢাকা, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, বরিশাল, সিলেট, রংপুর ও ময়মনসিংহ প্রশাসনিক বিভাগের সহ-সভাপতি পদের জন্য গঠনতন্ত্রের উপরোক্ত ধারা অনুযায়ী যোগ্যতা অর্জনকারী কেবলমাত্র সংশ্লিষ্ট প্রশাসনিক বিভাগের আওতাভুক্ত জেলায় কর্মরত যে কোন সদস্য প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন।

১২। গঠনন্ত্রের ধারা ৫ (খ) অনুযায়ী কোন সদস্য পর পর ২(দুই) টার্মে কেন্দ্রীয় পরিষদের সভাপতি/সাধারণ সম্পাদক পদে নির্বাচিত হওয়ার পর তৃতীয় টার্মে ঐ একই পদের প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না।

১৩। কেন্দ্রীয় পরিষদের সকল সদস্য গঠনতন্ত্র মোতাবেক ভোটাধিকার প্রাপ্ত সদস্যদের সরাসরি ভোটে নির্বাচিত হবেন এবং ঢাকা জেলার কাউন্সিলরগণ ঢাকায় কর্মরত ভোটাধিকার প্রাপ্ত সদস্যদের সরাসরি ভোটে নির্বাচিত হবেন।

চলমান পাতা-২

বাংলাদেশ পিডব্লিউডি ডিপ্লোমা প্রকৌশলী সমিতি
(বাপিডিপ্রকৌস) এর
১৪৩২-১৪৩৪ টার্মের নির্বাচন কমিশনারের কার্যালয়
পূর্ত ভবন চত্বর, সেগুন বাগিচা, ঢাকা-১০০০। ফোন: ৪৭১২১৬০৭, ফ্যাক্স: ৮৮-০২-৪৭১২১৬০৬



১৪। বাপিডিপ্রকৌস কেন্দ্রীয় পরিষদ কর্তৃক গঠনতন্ত্র ধারা ১৪(চ) মোতাবেক প্রণীত এবং নির্বাচন কমিশনারের অফিসে প্রেরিতব্য বাপিডিপ্রকৌস কেন্দ্রীয় পরিষদের সভাপতি/সাধারণ সম্পাদক কর্তৃক স্বাক্ষরিত চূড়ান্ত ভোটার তালিকায় যে সকল সদস্যের নাম সন্নিবেশিত, কেবলমাত্র তারাই ভোটার হিসেবে গণ্য হবেন।

১৫। ভোটারগণ নির্বাচন কমিশনার কর্তৃক নিয়োগকৃত প্রিজাইডিং অফিসার/সহকারী প্রিজাইডিং অফিসার কর্তৃক স্বাক্ষরিত এবং নির্বাচন কমিশনারের সিল মোহরকৃত ব্যালট পেপারের মাধ্যমে গোপন ভোট প্রদান করবেন।

১৬। দাখিলকৃত মনোনয়নপত্রের অপূর্ণতা, অস্পষ্টতা, পরিমার্জন, স্বাক্ষরবিহীন, কাটাকাটি, ফ্লুইড জাতীয় কোন কিছুর প্রলেপ লাগানো অপ্রাসংগিক কোন কিছু সংযোজন করলে এবং মনোনয়ন পত্রের সাথে সংযুক্ত তথ্য অসত্য প্রমাণিত হলে মনোনয়নপত্র বাতিল বলে গণ্য হবে।

১৭। নির্বাচন কমিশন কর্তৃক সরবরাহকৃত ব্যালট পেপারে মনোনীত প্রার্থীর নামের পার্শ্বে নির্দিষ্ট স্থানে নির্বাচন কমিশন কর্তৃক সরবরাহকৃত নির্দিষ্ট সীল মোহর/কলম দ্বারা ভোট প্রদান করতে হবে।

১৮। ব্যালট পেপারের কোন ছকে কাটাকাটি, অস্পষ্টতা, বিভ্রান্তিকর বা সিদ্ধান্তমূলক কোন চিহ্ন থাকলে শুধু ঐ ছকে প্রদত্ত ভোটটি বাতিল বলে গণ্য হবে। কাউন্সিলরের ব্যালটের ক্ষেত্রে ২০ (বিশ) এর অধিক ভোট প্রদান করলে ব্যালট পেপার বাতিল বলে গণ্য হবে।

১৯। নির্বাচনের দিন চূড়ান্ত ভোটার তালিকার উপর কোন প্রকার আপত্তি গ্রহন যোগ্য হবে না।

২০। নির্বাচনের দিন মাইক ব্যবহার/কোন শ্লোগান প্রদান/ উচ্চ স্বরে চিৎকার/ দৌড়াদৌড়ি/হড়াহড়ী ইত্যাদি কর্মকান্ড করা যাবে না এবং ভোট কেন্দ্রের ১০০ মিটারের মধ্যে কোন প্রকার প্রচারণা চালানো যাবে না।

২১। নির্বাচনের ৪৮ ঘন্টা পূর্বে থেকে সকল নির্বাচনী প্রচারণা বন্ধ থাকবে।

২২। নির্বাচনের দিন ভোট কেন্দ্র এলাকার মধ্যে কোন বহিরাগত সমর্থক আনা যাবে না।

২৩। ভোটাধিকার প্রয়োগ ও গণনার সময় প্রার্থী বা তার মনোনীত একজন প্রতিনিধি/পোলিং এজেন্ট (নির্বাচন কমিশন কর্তৃক অনুমোদিত) ইচ্ছা করলে উপস্থিত থাকতে পারবেন। ভোট কেন্দ্র এবং ভোট গণনার সময় কোন প্রার্থী বা তাঁর প্রতিনিধি মোবাইল ফোন সাথে রাখতে পারবেন না এবং ভোট গণনা শেষ না হওয়া পর্যন্ত ভোট কেন্দ্রে অবস্থান করতে হবে। ভোট গণনার সময় উক্ত প্রতিনিধির বদল/পরিবর্তন গ্রহণযোগ্য নয়। এরূপ ক্ষেত্রে ভোট গণনা শেষে গণনা শীট স্বাক্ষর প্রদানের পর প্রার্থী বা তাঁর প্রতিনিধি ভোট কেন্দ্র ত্যাগ করতে পারবেন।

২৪। প্রত্যেক ভোটারকে নির্বাচন কমিশনারের নিকট অথবা নিযুক্ত প্রিজাইডিং অফিসারের নিকট নিজ নাম, পদবী, বর্তমান কর্মস্থল উল্লেখ করে পরিচয় প্রদান পূর্বক ব্যালট পেপার সংগ্রহ করতে হবে। যদি কোন ভোটারের বৈধতা সম্পর্কে কোন প্রার্থী বা প্রার্থীর প্রতিনিধি (এজেন্ট) কর্তৃক আপত্তি (চ্যালেঞ্জ) উত্থাপিত হয় সেক্ষেত্রে তিনি তার সম্পর্কে উপযুক্ত প্রমাণ (ভোটার প্রত্যয়ন পত্র) সহ নির্বাচন কমিশনে উপস্থিত হয়ে ভোট দানের অনুমতি গ্রহণ করবেন। এ ব্যাপারে নির্বাচন কমিশনের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৫। যে কোন একটি পদের জন্য একটি মাত্র মনোনয়নপত্র পাওয়া গেলে উক্ত প্রার্থীকে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত বলে ঘোষণা করা হবে।

২৬। প্রত্যেক ভোটার ও পদ প্রার্থী সমিতির গঠনতন্ত্র ও নির্বাচনী বিধিমালা মেনে চলতে বাধ্য থাকবেন।

২৭। নির্বাচন সংক্রান্ত যে কোন বিষয়ে নির্বাচন কমিশনের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

২৮। ভোটার তালিকাভুক্ত কোন সদস্যের বদলী জনিত কারণে তার বর্তমান কর্মস্থল সম্পর্কিত সৃষ্ট জটিলতা পরিহারকল্পে প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থীকে তার মনোনয়নপত্র দাখিলের সময় উক্ত মনোনয়নপত্রের সাথে, ভোটারের ক্ষেত্রে সংশ্লিষ্ট ভোটারকে ভোট দান পর্বের পূর্বেই স্ব স্ব বর্তমান কর্মস্থলের সঠিকতা নিশ্চয়তার জন্য বাপিডিপ্রকৌস কেন্দ্রীয় পরিষদের সভাপতি/সাধারণ সম্পাদক এর সীল ও স্বাক্ষর সম্বলিত প্রমাণপত্র নির্বাচন কমিশনের নিকট দাখিল করতে হবে।

২৯। কোন প্রার্থী কিংবা তার প্রতিনিধি মনোনয়নপত্র ক্রয়/দাখিলের সময় অন্য কোন প্রার্থী বা তার সমর্থক/বহিরাগত দ্বারা বাধাগ্রস্থ হলে নির্বাচন কমিশন কর্তৃক নির্বাচন স্থগিত ঘোষণা করা যেতে পারে।

৩০। ঢাকা জেলার ২০ (বিশ) জন কাউন্সিলর প্রাপ্ত সর্বোচ্চ ভোটের ভিত্তিতে ক্রমানুসারে নির্বাচিত হবেন।

৩১। নির্বাচন সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীর সাথে কোন প্রার্থী অসদাচরণ করলে তার প্রার্থীতা বাতিল করা হবে।

৩২। প্রার্থীগণ কিংবা কোন ভোটার ভোট কেন্দ্রের ভিতর কোন প্রকার মোবাইল ফোন, ক্যামেরা বা অন্যকোন প্রকার বৈদ্যুতিক ডিভাইস ব্যাক প্যাক, নিয়ে প্রবেশ করতে পারবেন না। ভোট কেন্দ্রে প্রবেশের পূর্বে নিজ দায়িত্বে বর্ণিত সামগ্রী রাখবেন।

৩৩। নির্বাচনী এলাকা পূর্ত ভবন কম্পাউন্ডে কোন দেয়াল লিখন, পোস্টার, ব্যানার ব্যবহার করা যাবে না।

৩৪। প্রার্থীর প্রচার পত্র (লিফলেট)/প্যানেল পরিচিতি পুস্তক/পরিচিতি কার্ড ছাপাতে পারবেন। এ সকল লিফলেট/ পুস্তকে কারো বিরুদ্ধে কুৎসা বা অশালীন শব্দ/বাক্য ব্যবহার করতে পারবেন না।

৩৫। আইন শৃঙ্খলাজনিত কোন প্রতিকূল পরিস্থিতি কিংবা অন্য কোন অনিবার্য কারণে নির্বাচন কমিশন নির্বাচন বাতিল বা স্থগিত ঘোষণা ও আইনানুগ ব্যবস্থাসহ যে কোন উপযুক্ত সিদ্ধান্ত গ্রহণের সর্বময় ক্ষমতা সংরক্ষণ করেন।

২২.০৭.২৫
(এস,এম, বোরহান উদ্দিন)
নির্বাচন কমিশনার
১৪৩২-১৪৩৪ টার্মের বাপিডিপ্রকৌস কেন্দ্রীয় পরিষদ
এবং ঢাকাস্থ কাউন্সিলর নির্বাচন

বাংলাদেশ পিডব্লিউডি ডিপ্লোমা প্রকৌশলী সমিতি

(বাপিডিপ্রকৌস) এর

১৪৩২-১৪৩৪ টার্মের নির্বাচন কমিশনারের কার্যালয়

পূর্ত ভবন চত্বর, সেগুন বাগিচা, ঢাকা-১০০০। ফোন: ৪৭১২১৬০৭, ফ্যাক্স: ৮৮-০২-৪৭১২১৬০৬

## বাপিডিপ্রকৌস গঠনতন্ত্রের ৬(ক) ধারা মোতাবেক

### বাপিডিপ্রকৌস এর কেন্দ্রীয় পরিষদের পদের তালিকা

| | | | |
|---|---|---|---|
| ১। | সভাপতি | ঃ | ১ (এক) জন |
| ২। | সিনিয়র সহ-সভাপতি | ঃ | ১ (এক) জন |
| ৩। | সহ-সভাপতি (ঢাকা) | ঃ | ১ (এক) জন |
| ৪। | সহ-সভাপতি (চট্টগ্রাম) | ঃ | ১ (এক) জন |
| ৫। | সহ-সভাপতি (খুলনা) | ঃ | ১ (এক) জন |
| ৬। | সহ-সভাপতি (রাজশাহী) | ঃ | ১ (এক) জন |
| ৭। | সহ-সভাপতি (বরিশাল) | ঃ | ১ (এক) জন |
| ৮। | সহ-সভাপতি (সিলেট) | ঃ | ১ (এক) জন |
| ৯। | সহ-সভাপতি (রংপুর) | ঃ | ১ (এক) জন |
| ১০। | সহ-সভাপতি (ময়মনসিংহ) | ঃ | ১ (এক) জন |
| ১১। | সাধারণ সম্পাদক | ঃ | ১ (এক) জন |
| ১২। | যুগ্ম-সম্পাদক-১ | ঃ | ১ (এক) জন |
| ১৩। | যুগ্ম-সম্পাদক-২ | ঃ | ১ (এক) জন |
| ১৪। | অর্থ সম্পাদক | ঃ | ১ (এক) জন |
| ১৫। | সাংগঠনিক সম্পাদক | ঃ | ১ (এক) জন |
| ১৬। | সহ-সাংগঠনিক সম্পাদক | ঃ | ১ (এক) জন |
| ১৭। | দপ্তর সম্পাদক | ঃ | ১ (এক) জন |
| ১৮। | সহ-দপ্তর সম্পাদক | ঃ | ১ (এক) জন |
| ১৯। | প্রচার সম্পাদক | ঃ | ১ (এক) জন |
| ২০। | সহ-প্রচার সম্পাদক | ঃ | ১ (এক) জন |
| ২১। | সমাজ কল্যাণ সম্পাদক | ঃ | ১ (এক) জন |
| ২২। | ক্রীড়া ও সংস্কৃতি সম্পাদক | ঃ | ১ (এক) জন |
| ২৩। | সাহিত্য ও প্রকাশনা সম্পাদক | ঃ | ১ (এক) জন |
| ২৪। | বিজ্ঞান ও তথ্যপ্রযুক্তি বিষয়ক সম্পাদক | ঃ | ১ (এক) জন |
| ২৫। | শিক্ষা ও প্রশিক্ষণ বিষয়ক সম্পাদক | ঃ | ১ (এক) জন |
| ২৬। | আইন ও চাকরী বিষয়ক সম্পাদক | ঃ | ১ (এক) জন |
| ২৭। | নির্বাহী সদস্য-১ | ঃ | ১ (এক) জন |
| ২৮। | নির্বাহী সদস্য-২ | ঃ | ১ (এক) জন |
| ২৯। | নির্বাহী সদস্য-৩ | ঃ | ১ (এক) জন |
| ৩০। | নির্বাহী সদস্য-৪ | ঃ | ১ (এক) জন |
| ৩১। | নির্বাহী সদস্য-৫ | ঃ | ১ (এক) জন |
| ৩২। | নির্বাহী সদস্য-৬ | ঃ | ১ (এক) জন |
| ৩৩। | নির্বাহী সদস্য-৭ | ঃ | ১ (এক) জন |

(এস.এম. বোরহান উদ্দিন)
নির্বাচন কমিশনার
১৪৩২-১৪৩৪ টার্মের বাপিডিপ্রকৌস কেন্দ্রীয় পরিষদ
এবং ঢাকাস্থ কাউন্সিলর নির্বাচন
ও
সহকারী প্রকৌশলী(ই/এম) (অব.) গণপূর্ত অধিদপ্তর
মোবাঃ ০১৭১১-৪৬৪৮৭৪

# বাংলাদেশ পিডব্লিউডি ডিপ্লোমা প্রকৌশলী সমিতি
(বাপিডিপ্রকৌস) এর
## ১৪৩২-১৪৩৪ টার্মের নির্বাচন কমিশনারের কার্যালয়
পূর্ত ভবন চত্বর, সেগুন বাগিচা, ঢাকা-১০০০। ফোন: ৪৭১২১৬০৭, ফ্যাক্স: ৮৮-০২-৪৭১২১৬০৬

### বাপিডিপ্রকৌস গঠনতন্ত্রের ৬(ক) ধারা মোতাবেক
### বাপিডিপ্রকৌস এর ঢাকা জেলার কাউন্সিলর পদের তালিকা

| | | | |
|---|---|---|---|
| ১। | ঢাকা জেলার কাউন্সিলর | ঃ | ১ (এক) জন |
| ২। | ঢাকা জেলার কাউন্সিলর | ঃ | ১ (এক) জন |
| ৩। | ঢাকা জেলার কাউন্সিলর | ঃ | ১ (এক) জন |
| ৪। | ঢাকা জেলার কাউন্সিলর | ঃ | ১ (এক) জন |
| ৫। | ঢাকা জেলার কাউন্সিলর | ঃ | ১ (এক) জন |
| ৬। | ঢাকা জেলার কাউন্সিলর | ঃ | ১ (এক) জন |
| ৭। | ঢাকা জেলার কাউন্সিলর | ঃ | ১ (এক) জন |
| ৮। | ঢাকা জেলার কাউন্সিলর | ঃ | ১ (এক) জন |
| ৯। | ঢাকা জেলার কাউন্সিলর | ঃ | ১ (এক) জন |
| ১০। | ঢাকা জেলার কাউন্সিলর | ঃ | ১ (এক) জন |
| ১১। | ঢাকা জেলার কাউন্সিলর | ঃ | ১ (এক) জন |
| ১২। | ঢাকা জেলার কাউন্সিলর | ঃ | ১ (এক) জন |
| ১৩। | ঢাকা জেলার কাউন্সিলর | ঃ | ১ (এক) জন |
| ১৪। | ঢাকা জেলার কাউন্সিলর | ঃ | ১ (এক) জন |
| ১৫। | ঢাকা জেলার কাউন্সিলর | ঃ | ১ (এক) জন |
| ১৬। | ঢাকা জেলার কাউন্সিলর | ঃ | ১ (এক) জন |
| ১৭। | ঢাকা জেলার কাউন্সিলর | ঃ | ১ (এক) জন |
| ১৮। | ঢাকা জেলার কাউন্সিলর | ঃ | ১ (এক) জন |
| ১৯। | ঢাকা জেলার কাউন্সিলর | ঃ | ১ (এক) জন |
| ২০। | ঢাকা জেলার কাউন্সিলর | ঃ | ১ (এক) জন |

২২/০৭/২৫

(এস,এম, বোরহান উদ্দিন)
নির্বাচন কমিশনার
১৪৩২-১৪৩৪ টার্মের বাপিডিপ্রকৌস কেন্দ্রীয় পরিষদ
এবং ঢাকাস্থ কাউন্সিলর নির্বাচন
ও
সহকারী প্রকৌশলী(ই/এম) (অব.) গণপূর্ত অধিদপ্তর
মোবাঃ ০১৭১১-৪৬৪৮৭৪